

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

(Made in Bangladesh with Pride)

বিজিএমইএ কমপ্লেক্স, হাউস#৭/৭-এ, ব্লক#এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

সম্মানিত সকল সদস্যের জন্য


বিজ্ঞপ্তি নং: বিজিএ/কাস/২০২০/৪২

তাং ০২/০৪/২০২০ইং

বিষয়: করোনা ভাইরাস প্রাদুর্ভাব প্রতিরোধে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটিকালীন সময়ে সীমিত আকারে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

এতদ্বারা সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস প্রাদুর্ভাব প্রতিরোধে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটিকালীন সময়ে আমদানিকৃত নিত্য প্রয়োজনীয় পণ্য, জরুরী চিকিৎসা ও অন্যান্য সেবাসামগ্রী শুক্রায়নসহ খালাস প্রদান এবং রপ্তানি ও ইপিজেডের কার্যক্রম সচল রাখার লক্ষ্যে সকল কাস্টমস হাউস ও কাস্টমস স্টেশনসমূহ সীমিত জনবল দ্বারা দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য গত ২৪ মার্চ ২০২০ইং তারিখে পত্র নথি নং ০৮.০১.০০০০.০১১.০৯.০১৮.১৯.-১৭৯ এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড আদেশ জারী করে।

সাধারণ ছুটি চলাকালীন সময়ে নিত্য প্রয়োজনীয় পণ্য, জরুরী চিকিৎসা ও অন্যান্য সেবা সামগ্রীর সাথে শিল্পের কাঁচামাল এবং সরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থার আমদানিও অন্তর্ভুক্ত থাকবে। এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের ৩০ মার্চ ২০২০ইং তারিখের আদেশ (পত্র নথি নং- ১৭(৩)শুঃনীঃ ও বাঃ/২০১৩/১৩৮) এতদসঙ্গে সংযুক্ত করা হলো।



কমডোর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ)

এনইউপি, এনডিসি, পিএসসি, এমফিল

সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

অফিস আদেশ

নথি নং- ১৭(৩) শৃংখলাঃ বাঃ/২০১৩/১৩৮

তারিখ ৩০ মার্চ, ২০২০ খ্রিঃ।

বিষয়: করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটিকালীন সীমিত আকারে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং ০৮.০১.০০০০.০১১.০৯.০১৮.১৯-১৭৯ তারিখ ২৪ মার্চ, ২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সূত্রের পত্রের মাধ্যমে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটিকালীন আমদানিকৃত নিত্য প্রয়োজনীয় পণ্য, জরুরি চিকিৎসা ও অন্যান্য সেবাসামগ্রী শুল্কায়নসহ খালাস প্রদান এবং রপ্তানি ও ইপিজেডের কার্যক্রম সচল রাখার লক্ষ্যে সকল কাস্টম হাউস ও কাস্টমস স্টেশনসমূহে সীমিত আকারে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য, এখানে নিত্য প্রয়োজনীয় পণ্য, জরুরি চিকিৎসা ও অন্যান্য সেবাসামগ্রীর সাথে শিল্পের কাঁচামাল এবং সরকারি/বেসরকারি/স্বায়ত্বশাসিত সংস্থার আমদানিও অন্তর্ভুক্ত হবে।



৩০/০৩/২০২০

মোহাম্মদ মেহরাজ-উল-আলম স্মার্ট

দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)

ই-মেইল: sscuspolicy@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/আইসিডি, কমলাপুর/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/পানগাঁও।
- ৭-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম/ঢাকা/উত্তর)/ চট্টগ্রাম/যশোর/খুলনা/রাজশাহী/সিলেট/কুমিল্লা/রংপুর।
- ১৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ১৮। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৯। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুপস্থিত সদস্য অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। চেয়ারম্যান, বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম/মোংলা।
- ০২। চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরানবাজার, ঢাকা-১২১৫।
- ০৩। পি এস টু মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অর্থমন্ত্রী মহোদয়ের সদস্য অবগতির জন্য)।
- ০৪। পি এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদস্য অবগতির জন্য)।
- ০৫। পিএ টু সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদস্য অবগতির জন্য)।